



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট
আঞ্জুমান জে আর টাওয়ার (১১ ও ১২ তলা)
৪২ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।
www.wtmu.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.৫৩৪.০০১.১১.০০০১.২৬.৫৮৩

তারিখঃ ২৩ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

“নিয়োগ বিজ্ঞপ্তি”

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, কর-১ শাখা, ঢাকার নথি নং-০৮.০০.০০০০.০০০.০৩৭.১১.০০০১.২৪.২২/১(৯), তারিখ: ১৫ জানুয়ারি, ২০২৬ খ্রি. অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর কমিশনারের কার্যালয়, উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট এর অধীনে গ্রেড-১৩ হইতে গ্রেড-২০ পর্যন্ত বিভিন্ন শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত স্থায়ী বাসিন্দা/নাগরিকগণের নিকট হইতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের শর্তসাপেক্ষে (<https://wtmu.teletalk.com.bd>) ওয়েব সাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ বেতন স্কেলঃ ২৪,০০০-৫৮,০০০/-	০১ (এক)টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে।
(২)	ব্যক্তিগত সহকারী গ্রেড-১৩ বেতন স্কেলঃ ২৪,০০০-৫৮,০০০/-	০৪ (চার) টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে-কোনো বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার মুদ্রাক্ষর এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। (গ) সাঁটলিপি ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৮০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ৫০ শব্দ। (ঘ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।
(৩)	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ বেতন স্কেলঃ ২১,৯০০-৫২,৯০০/-	০৫ (পাঁচ)টি	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অনূন্য দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষর এর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। (গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।
(৪)	অফিস সহায়ক গ্রেড-২০ বেতন স্কেলঃ : ২০,০০০-৪৮,৪০০/-	০৩ (তিন)টি	কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করিতে হইবে।

চলমান পাতা/১

১। সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই আবেদনকারীর বয়স ০১ অক্টোবর, ২০২৬ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠারো) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর হইতে হইবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় (এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হইবে)।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করিতে হইবে। কর বিভাগে চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় **Departmental Candidate** অপশনটি সিলেক্ট করিতে হইবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হইবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হইবে না।

৩। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে। তবে বিজ্ঞপ্তির ক্রমিক নং- (১) এ বর্ণিত কম্পিউটার অপারেটর, ক্রমিক নং- (২) এ বর্ণিত ব্যক্তিগত সহকারী, ক্রমিক নং- (৩) এ অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ক্রমিক নং- (৪) এ বর্ণিত অফিস সহায়ক পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষা প্রদানের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

৪। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

৫। প্রার্থী কোন কোটায় আবেদন করলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। সর্বশেষ সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হইবে। সরকার কোটার বিষয়ে যেইরূপ সিদ্ধান্ত গ্রহণ করিবেন নিয়োগ প্রক্রিয়া সেই অনুসারে সম্পন্ন হইবে।

৬। প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থীর যোগ্যতা যাচাইয়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া নূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভুল তথ্য প্রমাণিত হইলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হইবে এবং তাঁহার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হইলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যেকোনো সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন।

৭। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক হইতে জ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম ও পদবী উল্লেখসহ প্রতিটির ১টি করে সত্যায়িত কপি ও সদ্য তোলা ২ কপি রজিন ছবি দাখিল করিতে হইবে।

ক। প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

খ। জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখসহ) নাগরিকত্ব সনদ;

গ। শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

ঘ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

ঙ। আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাজনার সন্তান হলে মুক্তিযোদ্ধার সনদপত্র যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীক্ষাক্রিত হতে হবে;

চ। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;

ছ। জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের মূলকপি; এবং

জ। অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রবেশপত্র (Admit Card) এর রজিন প্রিন্ট কপি

৮। পরীক্ষা ও যোগদান সম্পর্কিত বিষয়াদি নিম্নবর্ণিতরূপে নির্ধারিত হইবে, যথা:

(ক) লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে), মৌখিক পরীক্ষা ও যোগদানের সময়সূচি নির্ধারিত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হইবে এবং তাহা উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট এর নোটিশ বোর্ড এবং www.wtmu.gov.bd ওয়েবসাইটে ও প্রার্থীদের ব্যক্তিগত মোটোফোনে এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হইবে।

(খ) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত 'কম্পিউটার অপারেটর' পদ পূরণে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুসরণ করা হইবে।

(গ) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য সকল পদ পূরণে 'কর বিভাগ (১০ম গ্রেড হইতে ২০তম গ্রেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৫' অনুসরণ করা হইবে।

(ঘ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

(ঙ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জনের নিকট হইতে স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ দাখিল করিতে হইবে এবং তাহাদের পূর্ব কার্যকলাপ যথাযথ এজেন্সির মাধ্যমে যাচাই করা হইবে।

৯। পদ সংখ্যা হ্রাস ও বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন।

১০। অনলাইন এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১১। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১৩। একজন প্রার্থী কর্তৃক একাধিক পদে আবেদন করা যাইবে না।

১৪। উপরে উল্লেখ করা হয় নাই কিন্তু প্রয়োজ্যতা রহিয়াছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হইবে।

১৫। প্রার্থীর পক্ষে যেকোনো প্রকারের তদবির প্রার্থীর অযোগ্যতা বলিয়া গণ্য হইবে এবং তিনি নিয়োগযোগ্য বিবেচিত হইবেন না।

১৬। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ <https://wtmu.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করিবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান **শুরুর তারিখ ও সময় ১৫ অক্টোবর, ২০২৬ খ্রি. সকাল ১০:০০** ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৪ নভেম্বর, ২০২৬খ্রি. বিকাল ৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁহার রজিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হইতে হইবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online - এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করিবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। আবেদনপত্র Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাইবেন। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহাইলে আবেদন ফি জমা না দিয়ে থাকিলেই কেবল পুনরায় (Online-এ) আবেদন করিতে পারিবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বেই প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তাহার সাম্প্রতিক তোলা রজিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDFকপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করিয়া রজিন প্রিন্ট কপি সংরক্ষণ করিবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকিবে এবং User ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত হকে ১ নং হতে ৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ

মোট ১১২/- টাকা (একশত বারো) ক্রমিক নং-৪ এর জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন টাকা) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল পদের অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের) প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষার ফি ৫০ (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, “Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হইবে না।”

প্রথম SMS: WTMU <space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : WTMU ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK-112/ 56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type wtmu<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: WTMU<space>Yes<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: WTMU Yes 12345678 & send to 16222

Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for WTMU Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

- (চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <https://wtmu.teletalk.com.bd> ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইলফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
- (ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করিয়া নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।
- (জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইলফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ User ID এবং Password পুনঃরুদ্ধার করিতে পারিবেন।
- (i) User ID জানা থাকিলে WTMU<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: WTMU Help User ABCDEF & Send to 16222.
- (ii) PIN Number জানা থাকিলে WTMU<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: WTMU Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়া ও উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, ঢাকা এর ওয়েব সাইট www.wtmu.gov.bd এবং টেলিটকের জব পোর্টাল <https://alljobs.teletalk.com.bd> তে দেখা যাইবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.wtmu.gov.bd ওয়েবসাইট হইতে জানা যাইবে।



- (ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হইলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা wtmu@nbr.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাইবে। ইহাছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ <https://www.facebook.com/alljobsbdteletalk> এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাইবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: WTMU Post Name: Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

- (ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়িলে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।


- ১৭। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
১৮। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করিয়া হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা দান করিতে পরামর্শ দেয়া যাচ্ছে।



উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট এর
ওয়েবসাইটে প্রবেশ এর **QR code**



উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট
এর টেলিটক পোর্টালে প্রবেশ এর **QR code**


08.10.2026

(খন্দকার মোঃ হাসানুল ইসলাম)

উপ কর কমিশনার

সদর সংগঠন

ও

সদস্য সচিব

বিভাগীয় নিয়োগ কমিটি

উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট